গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৪৪/২০১৭-১৮

ঢাকা, বুধবার ২৪ জানুয়ারি ২০১৮, ১১ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। গবেষণায় বিনিয়োগ করে দেশকে সমৃদ্ধ করছে এশিয়াটিক সোসাইটি : সম্মেলনে রাষ্ট্রপতি

২। একনেকে ১৪ প্রকল্প অনুমোদন

৩। রোহিঙ্গাদের অবিলম্বে প্রত্যাবাসন শুরু করতে হবে : জাতিসংঘ প্রতিনিধিকে প্রধানমন্ত্রী

৪। বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত অপরাধকে জামিন অযোগ্য করে সংসদে বিল পাস

৫। প্রধানমন্ত্রীর সঙ্গে স্পিকারের বৈঠক

৬। বেপজা ইন্টারন্যাশনাল ইনভেস্টরস সামিট আজ উদ্বোধন করছেন প্রধানমন্ত্রী

৭। বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্য প্রকাশ : সার্বজনীন উন্নয়ন সূচকে ভারত, পাকিস্তানকে পেছনে ফেলে এশিয়ায় চীনের পর বাংলাদেশ

৮। শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতিসভা
এসএসসি ও সমমানের পরীক্ষার সময় ফেসবুক, টুইটার বন্ধ থাকবে
আধা ঘন্টা আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ বাধ্যতামূলক

৯। হাসপাতালসমূহে চিকিৎসক-নার্স সংখ্যায় ভারসাম্য আনা হবে : স্বাস্থ্যমন্ত্রী

১০। ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস আজ

চলমান পাতা-২

১। গবেষণায় বিনিয়োগ করে দেশকে সমৃদ্ধ করছে এশিয়াটিক সোসাইটি : সম্মেলনে রাষ্ট্রপতি

কয়েক দশক থেকে পান্ডিত্যপূর্ণ গবেষণাকর্মে বিনিয়োগ করে দেশকে সমৃদ্ধ করার কাজে নিয়োজিত রয়েছে এশিয়াটিক সোসাইটি। প্রতিষ্ঠানটি গবেষণা ক্ষেত্রে পৃষ্ঠপোষকতা করা ছাড়াও দেশের পন্ডিত ব্যক্তিদের গবেষণা কাজে উৎসাহিত করে থাকে, যার সুফল জাতিগতভাবে আমরা সবাই ভোগ করছি। গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির ১৭তম দ্বিবার্ষিক সাধারণ সভায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এ মন্তব্য করেন। তিনি গবেষণা ক্ষেত্রে সরকারের পাশাপাশি বেসরকারি বিনিয়োগের প্রতিও গুরুত্বারোপ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.৮,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

২। একনেকে ১৪ প্রকল্প অনুমোদন

বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত নিরাপত্তা, বন্যা নিয়ন্ত্রণ ও পানি নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পসহ মোট ১৪টি প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। প্রকল্পগুলো বাস্তবায়নে ব্যয় হবে ৬ হাজার ২২৮ কোটি ৪৯ লাখ টাকা। এর মধ্যে সরকারি অর্থায়ন থেকে ৫ হাজার ৪২১ কোটি ৪০ লাখ টাকা ও প্রকল্প সাহায্য ৭৪১ কোটি ২৮ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়নে ৬৫ কোটি ৮১ লাখ টাকা। গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৩)।

৩। রোহিঙ্গাদের অবিলম্বে প্রত্যাবাসন শুরু করতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের অবিলম্বে বাংলাদেশ থেকে প্রত্যাবাসন শুরু করার ওপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, ‘প্রত্যাবাসন শুরু করুন, এতে মিয়ানমারের নাগরিকদের প্রত্যাবাসন প্রক্রিয়া ত্বরান্বিত হবে।’ জাতিসংঘের নবনিযুক্ত আবাসিক সমন্বয়ক ও ইউএনডিপির আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পো গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর সংসদ ভবনস্থ কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

৪। বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত অপরাধকে জামিন অযোগ্য করে সংসদে বিল পাস

বিদ্যুতের সংযোগে কৃত্রিম পদ্ধতি ব্যবহার, যন্ত্রপাতি চুরি, মিটারের ক্ষতিসাধন ও বিদ্যুৎ স্থাপনার ক্ষতির মতো অপরাধকে জামিন অযোগ্য করে সংসদে ‘বিদ্যুৎ বিল, ২০১৮’ পাস করা হয়েছে। গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) সংসদে বৈঠকে বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু। পরে বিলটি কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৮)।

৫। প্রধানমন্ত্রীর সঙ্গে স্পিকারের বৈঠক

গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) সংসদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে বৈঠক করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। বৈঠক শেষে স্পিকার সাংবাদিকদের বলেন, বৈঠকে সংসদের আগামী বাজেট, উন্নয়ন কর্মকাণ্ড, সংসদ টেলিভিশনের কার্যক্রম নিয়ে আলোচনা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

৬। বেপজা ইন্টারন্যাশনাল ইনভেস্টরস্ সামিট আজ উদ্বোধন করছেন প্রধানমন্ত্রী

বাংলাদেশ রফতানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর উদ্যোগে আজ (২৪ জানুয়ারি বুধবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘বেপজা ইন্টারন্যাশনাল ইনভেস্টরস্ সামিট ২০১৮’ অনুষ্ঠিত হতে যাচ্ছে। প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগে বিগত ৯ বছরে দেশের অর্থনৈতিক বুনিয়াদ গঠনে বেপজা যে অভূতপূর্ব সাফল্য অর্জন

করেছে তা এ সামিটের মাধ্যমে তুলে ধরা হবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে বেপজা অর্থনৈতিক অঞ্চল উদ্বোধন করবেন। একইসঙ্গে তিনি ইপিজেডের পণ্য প্রদর্শনীর স্টল পরিদর্শন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫)।

৭। **বিশ্ব অর্থনৈতিক ফোরামের তথ্য প্রকাশ : সার্বজনীন উন্নয়ন সূচকে ভারত, পাকিস্তানকে পেছনে ফেলে এশিয়ায় চীনের পর বাংলাদেশ**

বিশ্ব অর্থনৈতিক ফোরামের সার্বজনীন উন্নয়ন সূচকে ভারত ও পাকিস্তানকে পেছনে ফেলে এগিয়ে আছে বাংলাদেশ। এশিয়ায় চীনের পরই বাংলাদেশের অবস্থান। সুইজারল্যান্ডের দাভোসে ফোরামের আন্তর্জাতিক সম্মেলন শুরু হওয়ার আগ মুহূর্তে এ সূচক প্রকাশ করা হয়। গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইনডেক্স বা আইডিআই প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

৮। **শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে প্রস্তুতিসভা :**
এসএসসি ও সমমানের পরীক্ষার সময় ফেসবুক, টুইটার বন্ধ থাকবে
আধা ঘন্টা আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশ বাধ্যতামূলক

প্রশ্নফাঁস ঠেকাতে এবার 'ফেসবুক, টুইটার'সহ সব ধরনের সামাজিক যোগাযোগের মাধ্যম বন্ধ রাখার উদ্যোগ নিয়েছে সরকার। এছাড়া পরীক্ষা শুরুর তিনদিন আগ থেকে সব ধরনের কোচিং সেন্টার বন্ধ রাখার পাশাপাশি পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশও বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

৯। **হাসপাতালসমূহে চিকিৎসক-নার্স সংখ্যায় ভারসাম্য আনা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

সারাদেশের হাসপাতালগুলোতে চিকিৎসক ও নার্সের সংখ্যায় ভারসাম্য আনার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম। তিনি বলেন, দেশের অনেক হাসপাতালে প্রয়োজনের অতিরিক্ত চিকিৎসক বা নার্স আছে। আবার কোনো কোনো হাসপাতালে পর্যাপ্ত নাই। এই ভারসাম্যহীনতা দূর করার পদক্ষেপ নেওয়ার জন্য তিনি নির্দেশ দেন। গতকাল (২৩ জানুয়ারি মঙ্গলবার) সচিবালয়ে জেলাভিত্তিক হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে তিনি এ নির্দেশনা প্রদান করেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

১০। **ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস আজ**

আজ ২৪ জানুয়ারি মঙ্গলবার, ঐতিহাসিক গণঅভ্যুত্থান দিবস। মুক্তিকামী নিপীড়িত জনগণের পক্ষে জাতির মুক্তি সনদ খ্যাত ৬ দফা এবং পরবর্তীতে ছাত্র সমাজের দেওয়া ১১ দফা কর্মসূচির প্রেক্ষাপটে সংঘটিত হয়েছিল ১৯৬৯ সালের এ গণঅভ্যুত্থান। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী ১৯৬৯ সালের এই দিনে গণতন্ত্র প্রতিষ্ঠার আন্দোলনে যাঁরা শহিদ হয়েছেন তাঁদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে শিশুবান্ধব করে গড়ে তুলতে এলজিইডির গৃহীত উদ্যোগের প্রশংসা করে উদ্যোগটি যেন শুধু রাজধানীতেই সীমাবদ্ধ না থাকে সে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** নারায়ণগঞ্জের সোনারগাঁয় একটি সরকারি সড়কের ইট যারা তুলে নিয়েছে ও সড়কের দুই পাশের গাছ কেটে সড়ক প্রশস্ত করার উদ্যোগ নিয়েছে তাদের বিরুদ্ধে উপজেলা প্রশাসনকে আইনানুগ পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

গ. **সংবাদ :** জঙ্গিবাদ নির্মূলে সরকারি উদ্যোগের পাশাপাশি ইন্টারনেট ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সতর্কতামূলক তৎপরতা বাড়ানোর আহ্বান।

ঘ. **জনকণ্ঠ :** মানহীন বেসরকারি মেডিকেল কলেজ থেকে পাশ করা ডাক্তার যেন জনস্বাস্থ্যের জন্য হুমকি হয়ে না দাঁড়ায় সেজন্য সরকারকে আগাম যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** প্রয়োজনীয় উপকরণের অভাবে নিরাপদ রক্ত পরিসঞ্চালন ব্যবস্থা ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় জরুরিভিত্তিতে নিরাপদ ব্যবস্থা গড়ে তোলার আহ্বান।

চ. **ডেইলি সান :** জীবাণুযুক্ত জারের পানি জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় দায়ীদের বিরুদ্ধে অতিদ্রুত আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **নিউজ টুডে :** তিনটি অর্থনৈতিক সূচকে বাংলাদেশের অবস্থানের উন্নতি দেশকে ২০২৫ সালের মধ্যে উন্নয়নশীল দেশের তালিকায় উন্নীত করবে বলে মন্ত্রিসভার আশা প্রকাশ।

জ. **নিউ নেশন :** আমদানিকৃত মাছে বিষাক্ত রাসায়নিকের উপস্থিতির খবরে উদ্বেগ প্রকাশ করে বিষমুক্ত মাছ ও খাদ্যের সরবরাহ নিশ্চিত করার দাবি জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, যশোর রোডের প্রাচীন ২ হাজার ৩১২টি মহাশিরীষ গাছের সাথে মুক্তিযুদ্ধসহ মানুষের নানা স্মৃতি জড়িত থাকায় সড়ক উন্নয়নের আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গাছ কাটার বিষয়টি যাচাই করে দেখা প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'স্মৃতির পাতায় উনসত্তরের অগ্নিঝরা দিনগুলো'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ছাত্রসমাজ '৬৯-এর ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান ঘটিয়ে যে ইতিহাস সৃষ্টি করেছিল, সেই সোনালি দিনগুলো জাতি কখনো ভুলবে না।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮